বস্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা-২০২১ প্রণয়নের লক্ষ্যে প্রণীত খসড়ার উপর মতামত প্রদানের জন্য

বিজ্ঞপ্তি

বস্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা-২০২১ প্রণয়নের লক্ষ্যে প্রণীত খসড়া এর উপর মতামত প্রদানের নিমিত্ত প্রদর্শন করা হচ্ছে। বিধিমালার উপর এ মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা/বোর্ড/ স্টেক হোল্ডার/ বস্ত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি এবং সর্ব সাধারণের মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো। মতামত আগামী ২১ (একুশ) দিনের মধ্যে (sastextile1@gmail.com) ঠিকানায় প্রেরণ করা যাবে।

০৬/০৭/২০২১

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫১৫৫৯০
sastextile1@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

বস্ত্র আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা –

১। সংক্ষিপ্ত শিরোনাম।– এই বিধিমালা বস্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাঃ- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) 'আইন' অর্থ বস্ত্র আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭ নং আইন);

(খ) 'অধিদপ্তর' অর্থ বস্ত্র অধিদপ্তর;

(গ) 'মহাপরিচালক' অর্থ অধিদপ্তরের মহাপরিচালক;

(ঘ) 'নিবন্ধক' অর্থ মহাপরিচালক;

(ঙ) 'পোষক কর্তৃপক্ষ' অর্থ বস্ত্র অধিদপ্তর;

(চ) 'তফসিল' অর্থ এই বিধিমালার অধীন প্রণীত তফসিল;

(ছ) 'ফরম' অর্থ এই বিধিমালায় বর্ণিত যে কোন ফরম;

(জ) 'ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র' অর্থ আইনের অধীন সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য বস্ত্র অধিদপ্তরে স্থাপিত বিশেষ ব্যবস্থা বা কেন্দ্র;

(ঝ) 'প্রস্তাবিত নিবন্ধন' অর্থ বিধি ৬ এর উপবিধি (২) এর অধীন জারিকৃত সনদ, যা সাময়িক নিবন্ধন সনদ হিসাবে বিবেচিত হইবে;

(ঞ) 'বিদ্যমান নিবন্ধন' অর্থ বিধি ৭ এর উপবিধি (২) এর অধীন জারিকৃত সনদ, যা স্থায়ী নিবন্ধন সনদ হিসাবে বিবেচিত হইবে;

(ট) 'সনদ' অর্থ বিধি ৬ এর উপবিধি (২) ও বিধি ৭ এর উপবিধি (২) এর অধীন জারিকৃত প্রস্তাবিত নিবন্ধন সনদ বা বিদ্যমান নিবন্ধন সনদ;

(ঠ) 'বস্ত্রশিল্প' অর্থ তুলা, সুতা, ফেব্রিক্স, বস্ত্র বা তৈরি পোশাক, বস্ত্রখাতের মূলধনি যন্ত্রপাতি, কম্পোজিট কার্যক্রম, এলাইড টেক্সটাইল ও প্যাকেজিং উপাদান উৎপাদন, বস্ত্র পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, প্যাকেজিং, গুদামজাতকরণ, আমদানি ও রপ্তানি, বিক্রয় ও বাজারজাতকরণ, বায়িং হাউজ সংক্রান্ত কার্যাদিসহ সকল কার্যক্রম এবং এতদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান, সংস্থা ও ব্যবসা প্রতিষ্ঠান:

তবে শর্ত থাকে যে, বস্ত্র পণ্য উৎপাদনের সহিত জড়িত নহে স্থানীয় বাজারের এইরূপ খুচরা ও পাইকারি বস্ত্র ব্যবসা এবং উক্ত ব্যবসা প্রতিষ্ঠানের আমদানি - রপ্তানি কার্যক্রম ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(ড) 'ব্যক্তি' অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারী কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থা এবং আইনের মাধ্যমে সৃষ্ট কোনো সত্ত্বা বা কৃত্রিম আইনগত সত্ত্বাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী' অর্থ সরকার বা পোষক কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োজিত কোনো কর্মচারী;

(ণ) 'পরিদর্শন' অর্থ মহাপরিচালক কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনিত কর্মকর্তা দ্বারা বস্ত্রশিল্প বা এতদ্সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন।

৩। বস্ত্রশিল্প স্থাপনে 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' প্রাপ্তির আবেদন পদ্ধতি।–

(১) 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' প্রাপ্তির জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান তফসিল- ১ এ বর্ণিত ফি'সহ ফরম-১ যথাযথভাবে পূরণ করিয়া ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে অনলাইনে বা সরাসরি আবেদন করিবেন। অসম্পূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) উপবিধি (১) এ উল্লিখিত আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র, ফটোকপির ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত, সংযুক্ত করিতে হইবে:

(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);

(খ) নির্ধারিত পূরণকৃত ফরম-১;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর ফটোকপি;

(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন-এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;

(চ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা-এর ফটোকপি;

(ছ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;

(জ) ক্রয় পরিকল্পনাধীন মেশিনারিজের তালিকা (মেশিনারিজের নাম, সংখ্যা, মূল্য);

(ঝ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঞ) স্থানীয় অথবা বৈদেশিক ঋণ থাকিলে ঋণ মঞ্জুরীপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ট) বস্ত্রশিল্পের মালিক বা মালিকগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

(ঠ) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের পাসপোর্ট-এর ফটোকপি;

(ড) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের ক্ষেত্রে বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের এনক্যাশমেন্ট সার্টিফিকেট -এর ফটোকপি;

(ঢ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের ফটোকপি;

(ণ) প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;

(ত) বস্ত্রশিল্প স্থাপনের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অবস্থানগত ছাড়পত্রের ফটোকপি।

৪। বস্ত্রশিল্প স্থাপনে 'বিদ্যমান নিবন্ধন সনদ' প্রাপ্তির আবেদন পদ্ধতি। –

(১) 'বিদ্যমান নিবন্ধন সনদ' প্রাপ্তির জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান তফসিল-১ এ বর্ণিত ফি'সহ ফরম-২ যথাযথভাবে পূরণ করিয়া ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে অনলাইনে বা সরাসরি আবেদন করিবেন। অসম্পূর্ণ আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) উপবিধি (১) এ উল্লিখিত আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র, ফটোকপির ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত, সংযুক্ত করিতে হইবে:

(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);

(খ) নির্ধারিত পূরণকৃত ফরম-২;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স- এর ফটোকপি;

(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন- এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;

(চ) কারখানার ভবন বা শেডের অস্তিত্ব থাকা সংক্রান্ত প্রমাণক (কারখানার সাইনবোর্ড সংবলিত ছবি) থাকিতে হইবে;

(ছ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা-এর ফটোকপি;

(জ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;

(ঝ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঞ) স্থানীয় অথবা বৈদেশিক ঋণ থাকিলে ঋণ মঞ্জুরীপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ট) বস্ত্রশিল্পের মালিক বা মালিকগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

(ঠ) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের পাসপোর্ট-এর ফটোকপি;

(ড) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের ক্ষেত্রে বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের এনক্যাশমেন্ট সার্টিফিকেট -এর ফটোকপি;

(ঢ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;

(ণ) স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারীজের তালিকা (প্রতিষ্ঠানের প্যাডে);

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	মেশিনের মূল্য	ভাউচার নম্বর

(ত) আমদানিকৃত মেশিনারীজের তালিকা (ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়িত);

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	এলসি নং ও তারিখ	ইনভয়েস নং ও তারিখ	এলসি মূল্য

(থ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান ও ফ্যাক্টরী লাইসেন্স-এর ফটোকপি;

(দ) হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;

(ধ) পরিবেশগত ছাড়পত্রের ফটোকপি।

৫। পরিদর্শন।—

আবেদন প্রাপ্তির ৩(তিন) কর্মদিবসের মধ্যে নিবন্ধক সংশ্লিষ্ট বস্ত্রশিল্প পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবেন। পরিদর্শন আদেশ জারীর পর সংশ্লিষ্ট কর্মচারী সর্বোচ্চ ১০ (দশ) কর্মদিবসের মধ্যে বস্ত্রশিল্প নিবন্ধকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

৬। প্রস্তাবিত নিবন্ধন সনদ প্রদান পদ্ধতি।—

(১) বিধি-৩ এর উপবিধি (২) এ বর্ণিত কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও বিধি-৫ অনুযায়ী পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে নিবন্ধক আবেদন দাখিলের অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে প্রস্তাবিত নিবন্ধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবেন।

(২) নিবন্ধক আবেদন মঞ্জুর করিলে 'ক' ও 'খ' ছক মোতাবেক 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' প্রদান করা হইবে।'প্রস্তাবিত নিবন্ধন সনদ' বাংলায় প্রদান করিতে হইবে, তবে প্রয়োজনে ইংরেজিতেও প্রদান করা যাইবে।

(৩) আবেদন নামঞ্জুরের ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৪) নিবন্ধক তৎকর্তৃক ইস্যুকৃত 'প্রস্তাবিত নিবন্ধন সনদের' অনুলিপি সংরক্ষণ করিবেন এবং এই সংক্রান্ত একটি ডাটাবেস (database) তৈরি ও সংরক্ষণ করিবেন।

৭। বিদ্যমান নিবন্ধন সনদ প্রদান পদ্ধতি।—

(১) বিধি ৪ এর উপবিধি (২) এ বর্ণিত কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও বিধি-৫ অনুযায়ী পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে নিবন্ধক আবেদন দাখিলের অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে বিদ্যমান নিবন্ধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবেন।

(২) নিবন্ধক আবেদন মঞ্জুর করিলে 'গ' ও 'ঘ' ছক মোতাবেক 'বিদ্যমান নিবন্ধন সনদ' প্রদান করা হইবে। 'বিদ্যমান নিবন্ধন সনদ' বাংলায় প্রদান করিতে হইবে, তবে প্রয়োজনে ইংরেজিতেও প্রদান করা যাইবে।

(৩) নিবন্ধক উপযুক্ত মনে করিলে ক্ষেত্রমত 'বিদ্যমান নিবন্ধন সনদের' পরিবর্তে 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' প্রদান করিতে পারিবেন।

(৪) আবেদন নামঞ্জুরের ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৫) নিবন্ধক তৎকর্তৃক ইস্যুকৃত 'বিদ্যমান নিবন্ধন সনদের' অনুলিপি সংরক্ষণ করিবেন এবং এই সংক্রান্ত একটি ডাটাবেস (database) তৈরি ও সংরক্ষণ করিবেন।

৮। সনদের মেয়াদ ।—

(১) বিধি ৬ এর উপবিধি (২) এর অধীন জারিকৃত 'প্রস্তাবিত নিবন্ধন সনদের' মেয়াদ হইবে ইস্যুর তারিখ হইতে ২ (দুই) বৎসর। তবে বস্ত্রশিল্প উদ্যোক্তার যৌক্তিক আবেদনের ভিত্তিতে 'প্রস্তাবিত নিবন্ধন সনদের' মেয়াদ আরো ৩ (তিন) বৎসর বৃদ্ধি করা যাইবে। মেয়াদ উর্ত্তীণ হইলে বিধি-৩ বা বিধি-৪ এর আলোকে 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' বা 'বিদ্যমান নিবন্ধন সনদের' জন্য নতুনভাবে আবেদন দাখিল করিতে হইবে।

(২) বিধি-৭ এর উপবিধি (২) এর অধীন জারীকৃত 'বিদ্যমান নিবন্ধন সনদের' মেয়াদ হইবে জারির তারিখ হইতে ৩ (তিন) বৎসর। মেয়াদ উত্তীর্ণ হইলে 'বিদ্যমান নিবন্ধন সনদ' নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

৯। সনদে উল্লিখিত শর্তাবলী।—

(১) নিবন্ধন সনদে নিম্নবর্ণিত শর্তাবলী উল্লেখ থাকিবে-

(ক) বস্ত্রশিল্পের যাবতীয় কাগজপত্র হালনাগাদ থাকিতে হইবে;

(খ) বস্ত্রশিল্প স্থাপনে স্থানীয় বা আন্তর্জাতিক অর্থলগ্নীকারী কোন সরকারি বা বেসরকারি সংস্থা অথবা প্রতিষ্ঠানের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত কোন বিষয়ে এই সনদের সম্পৃক্ততা থাকিবে না;

(গ) সনদের কোন অনুচ্ছেদ পরিবর্তন বা সংশোধন করিতে হইলে নির্ধারিত ফরমে আবেদন করিয়া অনুমতি গ্রহণ করিতে হইবে;

(ঘ) এই নিবন্ধন সনদ সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানকে বিধিভুক্ত কোন দায় হইতে মুক্তি প্রদান করিবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করিবার ফলে কোন দূর্ঘটনা ঘটিলে সেই বিষয়ে বস্ত্রশিল্প কর্তৃপক্ষ দায়ী থাকিবে;

(ঙ) সংশ্লিষ্ট বস্ত্রশিল্পে অগ্নিকান্ড বা অন্য কোন দুর্ঘটনা সংঘটিত হইলে তাহার কারণ নির্ণয়ে মহাপরিচালক একটি তদন্ত কমিটি গঠনপূর্বক প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন;

(চ) বস্ত্রশিল্পের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করিয়া নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাশয়ে নির্গত করা যাইবে না; বর্জ্য শোধানাগার বা ইটিপি প্ল্যান্ট স্থাপনসহ সার্বক্ষণিক কার্যকর রাখিতে হইবে। বস্ত্রশিল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের শর্তাবলী প্রতিপালন করিতে হইবে;

(ছ) বিদ্যমান শ্রম আইনে উল্লিখিত নির্ধারিত বয়সের কম কোন শিশু শ্রমিক নিয়োগ দেওয়া যাইবে না। কারখানা গেটের দৃশ্যমান স্থানে 'শিশুশ্রম নিষিদ্ধ' উল্লেখ করে সাইনবোর্ড স্থাপন করিতে হইবে;

(জ) রপ্তানিমূখী শিল্পের ক্ষেত্রে সনদের বিপণন অনুচ্ছেদে উল্লিখিত হারে (%) পণ্য রপ্তানি করিতে হইবে;

(ঝ) মহাপরিচালক বা মহাপরিচালকের পক্ষে কর্তৃত্বপ্রাপ্ত কর্মচারী, কারখানা কর্তৃপক্ষকে অবগত করাইয়া, কারখানা চলাকালীন যে কোন সময়ে কারখানা পরিদর্শন করিতে পারিবেন;

(ঞ) কারখানা পরিদর্শনের ক্ষেত্রে কারখানা কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন;

(ট) দূর্ঘটনা রোধকল্পে দেশের প্রচলিত আইন অনুসারে কারখানায় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(ঠ) ভূ-গর্ভস্থ পানির উপর চাপ কমানোর লক্ষ্যে বৃষ্টির পানি সংরক্ষণের ও ব্যবহারের ব্যবস্থা করিতে হইবে;

(ড) কারখানায় প্রয়োজনীয় সংখ্যক First Aid Box রাখিতে হইবে এবং দুর্যোগ মোকাবেলার জন্য টিম গঠন করিতে হইবে;

(ঢ) কারখানায় নিরাপদ ও বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করিতে হইবে;

(ঢ) কারখানায় পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখিতে হইবে;

(ণ) পুরুষ ও মহিলাদের জন্য নির্দেশকসহ পৃথক ওয়াশরুম থাকিতে হইবে;

(ত) বিদ্যমান শ্রম আইন অনুযায়ী কারখানায় শ্রমিকদের জন্য সকল সুযোগ সুবিধা বজায় রাখিতে হইবে।

(২) বস্ত্র ও পাট মন্ত্রণালয় সময়ে সময়ে প্রজ্ঞাপনের মাধ্যমে উপরে উল্লিখিত শর্তাদি এবং সংযোজিত ফরম ও ছকের পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন /সংযোজন/বিয়োজন করিতে পারিবে।

১০। বিদ্যমান নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন পদ্ধতি ইত্যাদি।—

(১) বিধি ৭ এর উপবিধি (২) এর অধীন জারীকৃত 'বিদ্যমান নিবন্ধন সনদের' মেয়াদ শেষ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে উহা নবায়নের জন্য তফসিল-১ এ বর্ণিত ফি'সহ ফরম-৩ যথাযথভাবে পূরণ করিয়া ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে অনলাইনে বা সরাসরি আবেদন করিতে হইবে।

(২) বিনিয়োগ বোর্ড বা বস্ত্র অধিদপ্তর হইতে ইতঃপূর্বে 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' বা 'বিদ্যমান নিবন্ধন সনদ'প্রাপ্ত বস্ত্রশিল্পকে এই বিধিমালা জারির তারিখ হইতে অনুর্ধ্ব ২ (দুই) বছরের মধ্যে সনদ নবায়নের জন্য ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে অনলাইনে বা সরাসরি আবেদন করিতে হইবে।

(৩) উপবিধি (১) ও (২) এ উল্লিখিত আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র, ফটোকপির ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত, সংযুক্ত করিতে হইবে:

(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);

(খ) পূরণকৃত ফরম-৩;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স- এর ফটোকপি;

(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঙ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা-এর ফটোকপি;

(চ) স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারীজের তালিকা (প্রতিষ্ঠানের প্যাডে);

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	মেশিনের মূল্য	ভাউচার নম্বর

(ছ) আমদানিকৃত মেশিনারীজের তালিকা (ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়িত);

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	এলসি নং ও তারিখ	ইনভয়েস নং ও তারিখ	এলসি মূল্য

(জ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান ও ফ্যাক্টরী লাইসেন্স-এর ফটোকপি;

(ঝ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;

(ঞ) হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;

(ট) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;

(ঠ) পরিবেশগত ছাড়পত্রের ফটোকপি;

(ড) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর ১,০০০/- টাকার মূল ট্রেজারি চালান।

১১। বিদ্যমান নিবন্ধন সনদ নবায়ন পদ্ধতি ।-

(১) বিধি ১০ এর উপবিধি (৩) এ বর্ণিত কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও বিধি ৫ অনুযায়ী পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে নিবন্ধক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে 'ঙ' ছক মোতাবেক 'বিদ্যমান নিবন্ধন সনদ' নবায়ন করিবেন।

(২) **বিদ্যমান নিবন্ধন সনদ নবায়ন করা হইলে উহা নবায়নের তারিখ হইতে** ৩ (তিন) বৎসর বলবৎ থাকিবে।

(৩) **বিদ্যমান নিবন্ধন সনদ** নবায়নের আবেদন নামঞ্জুর হইলে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১২। নিবন্ধন সনদ স্থগিত, বাতিল, ইত্যাদি ।—

(১) নিবন্ধন গ্রহীতা নিবন্ধন প্রাপ্তির জন্য ভুল বা অসত্য তথ্য প্রদান করিলে অথবা **আইন বা এই বিধির কোন বিধান লঙ্ঘন করিলে** বা নিবন্ধনের কোন শর্ত ভঙ্গ করিলে অথবা তাহার বিরুদ্ধে শর্ত ভঙ্গের কোন অভিযোগ পাওয়া গেলে নিবন্ধন গ্রহীতাকে কারণ দর্শানো নোটিশ জারি করিতে হইবে;

(২) উপবিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর নিবন্ধন গ্রহীতা নিবন্ধক বরাবর অনধিক ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে জবাব দাখিল করিবেন;

(৩) উপবিধি (১) অনুযায়ী জারিকৃত কারণ দর্শানো নোটিশ এর জবাব -

(ক) সন্তোষজনক বিবেচিত হইলে, অভিযোগ হইতে অব্যাহতি দেওয়া হইবে;

(খ) সন্তোষজনক বিবেচিত না হইলে, নিবন্ধক প্রয়োজনে ব্যক্তিগত শুনানি গ্রহণ করিবেন;

(গ) শুনানি অন্তে নিবন্ধক ক্ষেত্রমত অভিযোগ হইতে অব্যাহতি প্রদান অথবা কারণ উল্লেখ করিয়া সনদ স্থগিত বা বাতিল করিতে পারিবেন;

(ঘ) উপবিধি (১), (২) ও (৩) এর অধীন যাবতীয় কার্যধারা অনুর্ধ্ব ৬০ (ষাট) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে;

(ঙ) উপবিধি ৩ (গ) মোতাবেক নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে, পরবর্তিতে নিবন্ধন সনদ স্থগিতের কারণ দূরীভূত হইলে, নিবন্ধক, নিবন্ধন সনদ স্থগিত আদেশ প্রত্যাহার করিতে পারিবেন;

(চ) নিবন্ধন বাতিলের ক্ষেত্রে বাতিল আদেশ পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

১৩। সনদ সংশোধন পদ্ধতি ।—

(১) বিধি ৬ এর উপবিধি (২) ও বিধি ৭ এর উপবিধি (২) এর অধীন প্রদত্ত 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' বা 'বিদ্যমান নিবন্ধন সনদ' সংশোধনের জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সনদ সংশোধনের জন্য তফসিল-১ এ বর্ণিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম-৪ যথাযথভাবে পূরণ করিয়া ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে অনলাইনে বা সরাসরি নিবন্ধক বরাবর আবেদন করিবেন।

(২) প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তি ও প্রযোজ্য ক্ষেত্রে বিধি ৫ এর অধীন পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে নিবন্ধক বা অধিদপ্তরের এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী সনদ সংশোধন করিতে পারিবেন।

(৩) আবেদন নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১৪। ডুপ্লিকেট সনদ ইস্যু, ইত্যাদি।—

(১) কোন সনদ হারাইয়া গেলে বা উহা কোনভাবে বিনষ্ট হইলে সনদ গ্রহীতা তফসিল- ১ এ উল্লিখিত ফি'সহ আবেদন করিলে নিবন্ধক ডুপ্লিকেট সনদ প্রদান করিবেন। এই ক্ষেত্রে সনদে 'ডুপ্লিকেট' শব্দটি উল্লিখিত থাকিবে।

(২) অন্য কোন কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক নিবন্ধিত বস্ত্রশিল্পের ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করা যাইবে না। তবে এই বিধিমালার বিধি ৩ ও ৪ অনুযায়ী 'প্রস্তাবিত নিবন্ধন সনদ' অথবা 'বিদ্যমান নিবন্ধন সনদের' জন্য আবেদন করা যাইবে ।

১৫। ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র স্থাপন:-

(১) বস্ত্রশিল্পের নিবন্ধনসহ আইন ও এই বিধিমালার অধীন সেবা প্রদানের প্রক্রিয়া সহজীকরণের উদ্দেশ্যে বস্ত্র অধিদপ্তরে একটি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র থাকিবে। উক্ত ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিম্নোক্ত সেবা প্রদান করা হইবে:

(ক) 'প্রস্তাবিত নিবন্ধন' প্রদান (ফরম -১)
(খ) 'বিদ্যমান নিবন্ধন' প্রদান (ফরম -২);
(গ) 'বিদ্যমান নিবন্ধন' নবায়ন (ফরম -৩);
(ঘ) নিবন্ধন সংশোধন (ফরম -৪);
(ঙ) বস্ত্রশিল্প স্থাপনে অনাপত্তি পত্র প্রাপ্তি (ফরম-৫);
(চ) বায়িং হাউজ নিবন্ধন (ফরম-৬);
(ছ) বায়িং হাউজ নিবন্ধন নবায়ন (ফরম-৭);
(জ) ১ম এডহক ইন্ডাস্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্প আই আর সি) জারীর সুপারিশ (ফরম-৮);
(ঝ) ২য় বা ৩য় এডহক ইন্ডাস্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্প আই আর সি) জারীর সুপারিশ (ফরম-৯);
(ঞ) ইন্ডাস্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্প আই আর সি) নিয়মিত করণের সুপারিশ (ফরম-১০);
(ট) ইন্ডাস্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেটে (শিল্প আইআরসি) আমদানি সত্ত্ব পরিবর্তনের সুপারিশ (ফরম-১১);
(ঠ) ইমপোর্ট পারমিট (আইপি) জারির সুপারিশ (ফরম-১২);
(ড) মেশিন ছাড়করণের সুপারিশ (ফরম-১৩);
(ঢ) বিদেশি নাগরিকদের ওয়ার্ক পারমিট এর সুপারিশ (ফরম-১৪);
(ণ) বিদেশি নাগরিকদের ভিসা প্রদানের সুপারিশ (ফরম-১৫);
(ত) ডেফার্ড পেমেন্ট এর সুপারিশ (ফরম-১৬);
(থ) বৈদেশিক ঋণের অনাপত্তি (ফরম-১৭);
(দ) কম্পোজিট বস্ত্রশিল্পের সনদের জন্য প্রত্যয়ন (ফরম-১৮);
(ধ) বন্ড লাইসেন্সে এইচ এস কোড সংযোজনের সুপারিশ (ফরম-১৯);

(২) উপরে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত অন্য কোন সেবার জন্য সেবা প্রত্যাশীগণ আবেদন করিলে পোষক কর্তৃপক্ষ প্রচলিত বিধি-বিধানের আলোকে তাহা নিষ্পত্তি করিতে পারিবে।

(৩) প্রয়োজনে বস্ত্র অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়েও ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র স্থাপন করা যাইবে।

১৬। ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের সেবা প্রদান পদ্ধতি।-

(১) বস্ত্রশিল্পের উদ্যোক্তা বা সেবা গ্রহীতা স্বয়ংসম্পূর্ণ আবেদন অনলাইনে বা সরাসরি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে দাখিল করিবেন;

(২) আবেদন দাখিল/প্রাপ্তির পর প্রার্থীত সেবা প্রদানের সম্ভাব্য তারিখের উল্লেখসহ প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করা হইবে;

(৩) প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শনের মাধ্যমে আবেদন যাচাইপূর্বক প্রার্থীত সেবা প্রদান করা হইবে;

(৪) আবেদন অনুমোদিত হওয়ার পর ই-মেইলের মাধ্যমে উহা আবেদনকারীকে জ্ঞাপন করা হইবে।

১৭। অভিযোগ নিষ্পত্তি, আপিল দায়ের, ইত্যাদি।–

(১) এই বিধিমালার অধীন সেবা প্রাপ্তি বা সংশ্লিষ্ট অন্য কোন বিষয়ে কোন অভিযোগ থাকিলে তাহা মহাপরিচালকের নিকট লিখিতভাবে দাখিল করা যাইবে।

(২) মহাপরিচালক অভিযোগ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে তাহা নিষ্পত্তির ব্যবস্থা করিবেন।

(৩) এই বিধিমালার অধীন প্রদত্ত মহাপরিচালকের কোনো আদেশ দ্বারা কোনো ব্যক্তি বা নিবন্ধন গ্রহীতা সংক্ষুব্ধ হইলে, তিনি উক্তরূপ আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিকট আপিল করিতে পারিবেন।

(৪) উপবিধি (৩) এর অধীন আপিল দায়েরের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষ এতদবিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন এবং উক্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। 'ফি' প্রদান পদ্ধতি।-

এই বিধিমালার অধীন প্রদেয় বিভিন্ন 'ফি' মহাপরিচালকের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

ফরম-১
{বিধি ৩ (১), ১৫(১)(ক) }

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
'প্রস্তাবিত নিবন্ধন সনদ'-এর আবেদন ফরম

১	শিল্প প্রতিষ্ঠানের নাম:				
২	ঠিকানা				
	(ক) অফিস: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	গ্রাম/সড়ক নং/ এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
	(খ) কারখানা: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	গ্রাম/সড়ক নং/ এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
৩	ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্ত্বাধিকারী-এর বিবরণ (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করা যাইবে) : নাম: পদবী: এনআইডি নম্বর: ফোন: মোবাইল নম্বর: ই মেইল :				
৪	শিল্প উপখাত:				
৫	বিনিয়োগের ধরন: স্থানীয়/বৈদেশিক/একক/যৌথ বিনেয়োগ (প্রযোজ্যটি রাখিয়া বাকিগুলি কাটিয়া দিন)				
৬	বার্ষিক উৎপাদন ক্ষমতা: (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করা যাইবে)				
	উৎপাদিত পণ্যের নাম/বিবরণ		পরিমাণ		আনুমানিক মূল্য (মিলিয়ন টাকা)
	১.				
	২.				
	৩.				
	৪.				
৭	বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ/ সম্ভাব্য তারিখ:				

৮	বিনিয়োগের বিবরণ	স্থানীয় মুদ্রায় (মি: টা:)	বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট (মি: টাকা)
	(ক) স্থায়ী বিনিয়োগ:			
	(১) ভূমি			
	(২) ভবন/শেড			
	(৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি			
	(৪) অন্যান্য			
	(খ) চলতি মূলধন:			
	(ক+খ) সর্বমোট টাকা(মিলিয়ন) =			
	মার্কিন ডলারে (মিলিয়ন) =			

৯	বিনিয়োগের উৎস:				(মিলিয়ন টাকায়)
		স্থানীয় মুদ্রায়	বৈদেশিক মুদ্রায়	মোট	ঋণ প্রদানকারী সংস্থা ও দেশের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
	(ক) উদ্যোক্তার পরিশোধিত মূলধন				

	(খ) স্থানীয় ঋণ				
	(গ) বৈদেশিক ঋণ				
	মোট (ক+খ+গ) =				

১০	মেশিনারীজের বিবরণ: (পৃথক লেটার হেড প্যাডে স্থানীয়ভাবে সংগৃহীত, সংগৃহীতব্য, আমদানীকৃত ও আমদানীতব্য এর সংখ্যা ও মূল্যসহ ৩ সেট সংযুক্ত করিতে হইবে):		
	ধরন	সংখ্যা	মূল্য (মিলিয়ন টাকা)
	(ক) স্থানীয়ভাবে সংগৃহীত		
	(খ) স্থানীয়ভাবে সংগৃহীতব্য		
	(গ) আমদানীকৃত		
	(ঘ) আমদানীতব্য		
	(ক+খ+গ+ঘ) সর্বমোট টাকা (মিলিয়ন) =		
১১	কাঁচামাল ও মোড়ক উপকরণের বিবরণ:		
	(ক) স্থানীয়ভাবে সংগৃহীত/ সংগৃহীতব্য:		
	(খ) আমদানীযোগ্য:		
১২	প্রয়োজনীয় ইউটিলিটি পরিসেবার বিবরণঃ বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, পয়ঃনিষ্কাশন, রাস্তা ইত্যাদি থাকিলে “হ্যাঁ”, না থাকিলে “না”		
	উপযোগী সেবার নাম	সংযোগের সুবিধা আছে কি? হ্যাঁ/না	নিকটস্থ সংযোগ উৎস হইতে সম্ভব্য দুরত্ব (মিটার/কিলোমিটার)
	বিদ্যুৎ		
	গ্যাস		
	টেলিফোন		
	রাস্তা		
	পানি		
	পয়:নিষ্কাশন		
১৩	সম্ভাব্য কর্মসংস্থান:		

		স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট (জন)	
		পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা
	(ক) ব্যবস্থাপনা						
	(খ) কর্মচারী/শ্রমিক						
	মোট						

১৪	বিপণন:	স্থানীয় .....%	রপ্তানী .....%
১৫	ট্রেড লাইসেন্স নম্বর:		ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ:
১৬	ট্রেড লাইসেন্স ইস্যুর তারিখ:		ট্রেড লাইসেন্স মেয়াদ উত্তীর্নের তারিখ:
১৭	টিআইএন:		
১৮	নিবন্ধন ‘ফি’ পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ:	ট্রেজারী চালান নম্বর ও তারিখ:	ব্যাংকের নাম ও শাখা:

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:
নাম:
পদবী:
মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র	দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
	হ্যাঁ	না
(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);		
(খ) নির্ধারিত পূরণকৃত ফরম-১;		
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর ফটোকপি;		
(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন- এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;		
(চ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা- এর ফটোকপি;		
(ছ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;		
(জ) ক্রয় পরিকল্পনাধীন মেশিনারিজের তালিকা (মেশিনারিজের নাম, সংখ্যা, মূল্য);		
(ঝ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঞ) স্থানীয় অথবা বৈদেশিক ঋণ থাকিলে ঋণ মঞ্জুরীপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);		
(ট) বস্ত্রশিল্পের মালিক বা মালিকগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;		
(ঠ) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের পাসপোর্ট-এর ফটোকপি;		
(ড) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের ক্ষেত্রে বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের এনক্যাশমেন্ট সার্টিফিকেট -এর ফটোকপি;		
(ঢ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের ফটোকপি;		
(ণ) প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;		
(ত) বস্ত্রশিল্প স্থাপনের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অবস্থানগত ছাড়পত্রের ফটোকপি;		
(থ) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ **(কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬)** সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি।		

বিঃদ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-২
{বিধি ৪ (১), ১৫(১)(খ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
'বিদ্যমান নিবন্ধন' আবেদন ফরম

১	**শিল্প প্রতিষ্ঠানের নাম:**			
২	ঠিকানা (ক) অফিস: বাড়ী/প্লট/হোল্ডিং নং-			
	গ্রাম/সড়ক নং/এলাকা:			
	থানা/উপজেলা:		শহর/জেলা:	
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:
	(খ) কারখানা: বাড়ী/প্লট/হোল্ডিং নং-			
	গ্রাম/সড়ক নং/এলাকা:			
	থানা/উপজেলা:		শহর/জেলা:	
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:
৩	ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারি/স্বত্ত্বাধিকারীর বিবরণ (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে) নাম: পদবী: এনআইডি: ফোন: মোবাইল নম্বর: ই মেইল :			
৪	প্রস্তাবিত 'নিবন্ধন সনদের' নিবন্ধন নম্বর ও তারিখ (যদি থাকে):			
৫	বিনিয়োগের ধরন: স্থানীয়/বৈদেশিক/একক/যৌথ বিনেয়োগ (প্রযোজ্যটি রাখিয়া বাকিগুলি কাটিয়া দিন)			
৬	শিল্প উপখাত:			
৭	বার্ষিক উৎপাদন ক্ষমতা: (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে)			

৮	উৎপাদিত পণ্যের বিবরণ	পরিমাণ	আনুমানিক মূল্য (মিলিয়ন টাকায়)
	১.		
	২.		
	৩.		
	৪.		

৯	বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ:			
১০	বিনিয়োগের বিবরণ	স্থানীয় মুদ্রায় (মি: টা:)	বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট (মি: টাকা)
	(ক) স্থায়ী বিনিয়োগ:			
	(১) ভূমি			
	(২) ভবন/শেড			
	(৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি			
	(৪) অন্যান্য			
	(খ) চলতি মূলধন:			
	(ক+খ) সর্বমোট টাকা(মিলিয়ন) =			
	মার্কিন ডলারে (মিলিয়ন) =			

১১	বিনিয়োগের উৎস:				(মিলিয়ন টাকায়)
		স্থানীয় মুদ্রায় (মি: টা:)	বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট মুদ্রায় (মি: টা:)	ঋণ প্রদানকারী সংস্থা ও দেশের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
	(ক) উদ্যোক্তার পরিশোধিত মূলধন				
	(খ) স্থানীয় ঋণ				
	(গ) বৈদেশিক ঋণ				
	(ক+খ+গ) মোট =				

১২	মেশিনারীজের বিবরণ: (পৃথক লেটার হেড প্যাডে স্থানীয়ভাবে সংগৃহীত, সংগৃহীতব্য, আমদানীকৃত ও আমদানীতব্য এর সংখ্যা ও মূল্যসহ ৩ সেট সংযুক্ত করিতে হইবে):		
	ধরন	সংখ্যা	মূল্য (মি: টা:)
	(ক) স্থানীয়ভাবে সংগৃহীত		
	(খ) আমদানীকৃত		
	(ক+খ) সর্বমোট টাকা (মিলিয়ন) =		
১৩	কাঁচামাল ও মোড়ক উপকরণের বিবরণ:		
	(ক) স্থানীয়:		
	(খ) আমদানীযোগ্য:		
১৪	প্রয়োজনীয় ইউটিলিটি পরিসেবার বিবরণ: বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, পয়ঃনিষ্কাশন, রাস্তা ইত্যাদি থাকিলে “হ্যাঁ”, না থাকিলে “না”		

উপযোগী সেবার নাম	সংযোগের সুবিধা আছে কি? হ্যাঁ/না	নিকটস্থ সংযোগ উৎস হইতে সম্ভব্য দুরত্ব (মিটার/কিলোমিটার)
বিদ্যুৎ		
গ্যাস		
টেলিফোন		
রাস্তা		
পানি		
পয়:নিষ্কাশন		

১৫	কর্মসংস্থান:					
		স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট (জন)	
		পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা
	(ক) ব্যবস্থাপনা						
	(খ) কর্মচারী/শ্রমিক						
	মোট						
১৬	বিপণন:	স্থানীয় .....%			রপ্তানী .....%		

১৭	রপ্তানীর বিবরণ:(প্রযোজ্য ক্ষেত্রে)				
	বৎসর	পণ্যের বিবরণ	পণ্যের পরিমাণ	মূল্য (মি.টা)	আমদানীকারক দেশ
		১ ২ ৩	১ ২ ৩	১ ২ ৩	১ ২ ৩

১৮	ট্রেড লাইসেন্স নম্বর:	ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ:
১৯	ট্রেড লাইসেন্স ইস্যুর তারিখ:	ট্রেড লাইসেন্স মেয়াদ উত্তীর্নের তারিখ:
২০	টিআইএন:	
২১	নিবন্ধন‘ ফি’ পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ: ট্রেজারী চালান নম্বর ও তারিখ: ব্যাংকের নাম ও শাখা:	

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ: স্বাক্ষর:

নাম:
পদবী:
মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র	দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
	হ্যাঁ	না
(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);		
(খ) নির্ধারিত পূরণকৃত ফরম-২;		
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স- এর ফটোকপি;		
(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন- এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;		
(চ) কারখানার ভবন বা শেডের অস্তিত্ব থাকা সংক্রান্ত প্রমাণক (কারখানার সাইনবোর্ড সংবলিত ছবি) থাকিতে হইবে;		
(ছ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা-এর ফটোকপি;		
(জ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;		
(ঝ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঞ) স্থানীয় অথবা বৈদেশিক ঋণ থাকিলে ঋণ মঞ্জুরীপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);		
(ট) বস্ত্রশিল্পের মালিক বা মালিকগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;		
(ঠ) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের পাসপোর্ট-এর ফটোকপি;		
(ড) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের ক্ষেত্রে বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের এনক্যাশমেন্ট সার্টিফিকেট -এর ফটোকপি;		
(ঢ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;		
(ণ) স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারীজের তালিকা (প্রতিষ্ঠানের প্যাডে);		
(ত) আমদানিকৃত মেশিনারীজের তালিকা (ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়িত);		
(থ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান ও ফ্যাক্টরী লাইসেন্স-এর ফটোকপি;		
(দ) হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;		
(ঠ) পরিবেশগত ছাড়পত্রের ফটোকপি;		
(ড) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ (**কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬**) সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি।		

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	মূল্য	ভাউচার নম্বর

ক্রমিক	মেশিনের নাম	মেশিনের সংখ্যা	এলসি নং ও তারিখ	ইনভয়েস নং ও তারিখ	এলসি মূল্য

বিঃ দ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-৩
{বিধি ১০ (১), ১৫(১)(গ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
'বিদ্যমান নিবন্ধন নবায়ন' আবেদন ফরম

১	**শিল্প প্রতিষ্ঠানের নাম:**				
২	নিবন্ধন নম্বর ও তারিখ:			মেয়াদ উত্তীর্ণের তারিখ:	
৩	ঠিকানা (ক) অফিস: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	সড়ক নং/এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
	(খ) কারখানা: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	সড়ক নং/এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
৪	ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারি/স্বত্ত্বাধিকারীর বিবরণ (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে) নাম: পদবী: এনআইডি: ফোন: মোবাইল নম্বর: ই মেইল :				
৫	শিল্প উপখাত:				
৬	বিনিয়োগের ধরন: স্থানীয়/বৈদেশিক/একক/যৌথ বিনেয়োগ (প্রযোজ্যটি রাখিয়া বাকিগুলি কাটিয়া দিন)				
৭	বৎসর ওয়ারী উৎপাদন ও রপ্তানীর (প্রযোজ্য ক্ষেত্রে) বিবরণ: (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করা যাইবে)				
	বৎসর	উৎপাদিত পণ্য	উৎপাদিত পণ্যের পরিমাণ ও মূল্য (মিলিয়ন টাকা)	প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানীকৃত পণ্যের পরিমাণ ও মূল্য (ডলারে)	
		১ ২ ৩	১ ২ ৩	১ ২ ৩	
৮	বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ:				

৯	বিনিয়োগের বিবরণ	স্থানীয় মুদ্রায় (মি: টা:)	বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট (মি: টা:)
	(ক) স্থায়ী বিনিয়োগ:			
	(১) ভূমি			
	(২) ভবন/শেড			
	(৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি			
	(৪) অন্যান্য			
	(খ) চলতি মূলধন:			
	(ক+খ) সর্বমোট টাকা(মিলিয়ন) =			
	মার্কিন ডলারে (মিলিয়ন) =			

১০	বিনিয়োগের উৎস:				(মিলিয়ন টাকায়)
		স্থানীয় মুদ্রায় (মি: টা:)	বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট মুদ্রায় (মি: টা:)	ঋণ প্রদানকারী সংস্থা ও দেশের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
	(ক) উদ্যোক্তার পরিশোধিত মূলধন				

	(খ) স্থানীয় ঋণ				
	(গ) বৈদেশিক ঋণ				
	মোট =(ক+খ+গ)				

১১	মেশিনারীজের বিবরণ: (পৃথক লেটার হেড প্যাডে স্থানীয়ভাবে সংগৃহীত, সংগৃহীতব্য, আমদানীকৃত ও আমদানীতব্য এর সংখ্যা ও মূল্যসহ ৩ সেট সংযুক্ত করিতে হইবে):		
	(ক) স্থানীয়ভাবে সংগৃহীত	সংখ্যা	মূল্য (মি: টা:)
	(খ) আমদানীকৃত		
	(ক+খ) সর্বমোট টাকা (মিলিয়ন) =		

১২	কর্মসংস্থান:						
		স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট (জন)	
		পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা
	(ক) ব্যবস্থাপনা						
	(খ) কর্মচারী/শ্রমিক						
	মোট						

১৩	বিপণন:	স্থানীয় .....%	রপ্তানী .....%
১৪	ট্রেড লাইসেন্স নম্বর:		ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ:
১৫	ট্রেড লাইসেন্স ইস্যুর তারিখ:		ট্রেড লাইসেন্স মেয়াদ উত্তীর্নের তারিখ:
১৬	টিআইএন:		
১৭	ফি পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ:	ট্রেজারী চালান নম্বর ও তারিখ:	ব্যাংকের নাম ও শাখা:

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:
নাম:
পদবী:
মোবাইল নম্বর:

সংযুক্তি

<table>
<tr><td rowspan="2">প্রয়োজনীয় কাগজপত্র</td><td colspan="2">দাখিল করা হইয়াছে
(অনুগ্রহ করিয়া √ দিন)</td></tr>
<tr><td>হ্যাঁ</td><td>না</td></tr>
<tr><td>(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);</td><td></td><td></td></tr>
<tr><td>(খ) পূরণকৃত ফরম-৩;</td><td></td><td></td></tr>
<tr><td>(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স- এর ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ঙ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা-এর ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(চ) স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারীজের তালিকা (প্রতিষ্ঠানের প্যাডে);
<table>
<tr><td>ক্রমিক</td><td>মেশিনের নাম</td><td>সংখ্যা</td><td>মূল্য</td><td>ভাউচার নম্বর</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>(ছ) আমদানিকৃত মেশিনারীজের তালিকা (ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়িত);
<table>
<tr><td>ক্রমিক</td><td>মেশিনের নাম</td><td>মেশিনের সংখ্যা</td><td>এলসি নং ও তারিখ</td><td>ইনভয়েস নং ও তারিখ</td><td>এলসি মূল্য</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>(জ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান ও ফ্যাক্টরী লাইসেন্স- এর ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ঝ) বহুতল ভবন হইলে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর সদস্যভূক্ত কোন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত ভবনের উপযুক্ততার সনদ;</td><td></td><td></td></tr>
<tr><td>(ঞ) হালনাগাদ ফায়ার লাইসেন্স-এর ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ট) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ঠ) পরিবেশগত ছাড়পত্রের ফটোকপি;</td><td></td><td></td></tr>
<tr><td>(ড) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি’ পরিশোধ (কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬) সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি।</td><td></td><td></td></tr>
</table>

বিঃ দ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-৪
{বিধি ১৩(১), ১৫(১)(ঘ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
নিবন্ধন সংশোধনের আবেদন ফরম

১	**শিল্প প্রতিষ্ঠানের নাম:**				
২	ঠিকানা (ক) অফিস: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	গ্রাম/সড়ক নং/এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
	(খ) কারখানা: বাড়ী/প্লট/হোল্ডিং নং-				
	গ্রাম/সড়ক নং/এলাকা:				
	থানা/উপজেলা:		শহর/জেলা:		
	ফোন:	ফ্যাক্স:		ই-মেইল:	
৩	সনদ নম্বর ও তারিখ:				
৪	বিদ্যমান তথ্য		সংশোধিত তথ্য		
	নিবন্ধন সনদের অনুচ্ছেদ নম্বর	নিবন্ধন সনদে উল্লিখিত বিবরণ	প্রস্তাবিত বিবরণ		

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:.....
নাম:.....
তারিখঃ পদবী :
মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র		দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
		হ্যাঁ	না
(ক)	প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফর্ম-২৪);		
(খ)	পূরণকৃত ফরম-৪;		
(গ)	সনদের ফটোকপি (সকল সংশোধনীসহ);		
(ঘ)	কারখানায় সংস্থাপিত যন্ত্রপাতির তালিকা;		
(ঙ)	পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী;		
(চ)	তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ (কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬) সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি।		
(ছ)	প্রস্তাবিত সংশোধন সংক্রান্ত প্রমাণক (প্রয়োজনে আলাদা কাগজে উল্লেখ করা যাইবে) ;		
	১		
	২		
	৩		
	৪		
	৫		
	৬		
	৭		
	৮		
	৯		
	১০		

বিঃ দ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-৫
{বিধি ১৫ (১)(ঙ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
অনাপত্তি পত্রের আবেদন ফর্ম

১	**শিল্প প্রতিষ্ঠানের নাম:**		
২	ঠিকানা (ক) অফিস: বাড়ী/প্লট/হোল্ডিং নং-		
	গ্রাম/সড়ক নং/ এলাকা:		
	থানা/উপজেলা:	শহর/জেলা:	
	ফোন:	ফ্যাক্স:	ই-মেইল:
	(খ) কারখানা: বাড়ী/প্লট/হোল্ডিং নং-		
	গ্রাম/সড়ক নং/ এলাকা:		
	থানা/উপজেলা:	শহর/জেলা:	
	ফোন:	ফ্যাক্স:	ই-মেইল:
৩	ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারি/স্বত্ত্বাধিকারীর বিবরণ (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে) নাম: পদবী: এনআইডি: ফোন: মোবাইল নম্বর: ই মেইল :		
৪	শিল্প উপখাত:		
৫	ট্রেড লাইসেন্স নম্বর:	ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ:	
৬	ট্রেড লাইসেন্স ইস্যুর তারিখ:	ট্রেড লাইসেন্স মেয়াদ উত্তীর্নের তারিখ:	
৭	টিআইএন:		
৮	ফি পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ: ট্রেজারী চালান নম্বর ও তারিখ: ব্যাংকের নাম ও শাখা:		

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:

নাম:

তারিখ:

পদবী:
মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র	দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
	হ্যাঁ	না
(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);		
(খ) নির্ধারিত পূরণকৃত ফরম (অধিদপ্তরের ওয়েবসাইট বা ওয়ান স্টপ সার্ভিস এর ডেস্ক হইতে ফর্মটি'বিনামূল্যে' পাওয়া যাইবে);		
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর ফটোকপি;		
(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন- এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;		
(চ) কারখানার জমির মালিকানা সম্পর্কিত খতিয়ানের সার্টিফাইড কপির ফটোকপি বা ভাড়াকৃত হইলে ভাড়ার চুক্তিনামা- এর ফটোকপি;		
(ছ) উদ্যেক্তার প্যাডে শিল্প উদ্যোক্তাদের নাম ঠিকানা, পদবী ও জাতীয়তার বিবরণ;		
(জ) আমদানীতব্য বা সংস্থানতব্য মেশিনারীজের তালিকা;		
(ঝ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঞ) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ **(কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬)** সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি;		
(ট) ১০০% বৈদেশিক বিনিয়োগ বা যৌথ বিনিয়োগের ক্ষেত্রে বিদেশী উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের ইনক্যাশমেন্ট সার্টিফিকেট;		
(ঠ) বৈদেশিক উদ্যোক্তা বা কর্মচারীর ক্ষেত্রে পাসপোর্ট;		
(ড) যৌথ বিনিয়োগ (joint venture) হইলে যৌথ বিনিয়োগ (joint venture) চুক্তিপত্রের ফটোকপি।		

বিঃ দ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্ত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-৬

{বিধি ১৫(১)(চ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বায়িং হাউজ নিবন্ধন আবেদন ফরম

১	বায়িং হাউজ-এর নাম:						
২	ঠিকানা: (রেজিস্টার্ড ঠিকানা ও মেইলিং ঠিকানা)						
	এলাকা/সড়ক নং:		থানা:		পো: অফিস:		
	জেলা:		দেশের নাম:		ফ্যাক্স:		
	মোবাইল:		ফোন:		ই-মেইল:		
৩	মূল প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে):						
	এলাকা/সড়ক নং:		থানা:		পো: অফিস:		
	জেলা:		দেশের নাম:		ফ্যাক্স:		
	মোবাইল:		ফোন:		ই-মেইল:		
৪	ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারি/স্বত্ত্বাধিকারীর বিবরণ (প্রয়োজনে প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে)						
৫	বায়িং হাউজ কার্যক্রম শুরুর সাল:						
৬	মোট বিনিয়োগ :	(ক) স্থানীয় মুদ্রায়---------- (টাকা) (খ) বৈদেশিক মুদ্রায়---------- (ডলার)					
৭	বিনিয়োগের ধরণ:	স্থানীয় মুদ্রায় (মিঃ টাঃ)		বৈদেশিক মুদ্রায়		মোট(মি: টা:)	ঋণপ্রদানকারী সংস্থা ও দেশের নাম (যদি থাকে)
	(ক)উদ্যোক্তার পরিশোধিত মূলধন						
	(খ) স্থানীয় ঋণ						
	(গ) বৈদেশিক ঋণ						
	মোট=(ক+খ+গ)						
৮	কর্মসংস্থান:	স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট জন	
	(ক) ব্যবস্থাপনা/প্রশাসনিক	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা
	(খ) কর্মচারী/শ্রমিক						
	মোট						
৯	জাতীয় পরিচয় পত্র নম্বর (NID) / পাসপোর্ট নম্বর (বিদেশী বিনিয়োগকারীদের জন্য):						
১০	ট্রেড লাইসেন্স নম্বর ও প্রদানকারী কর্তৃপক্ষ:						
১১	টিআইএন:						
১২	‘ফি’ পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ: ট্রেজারী চালান নম্বর ও তারিখ: ব্যাংকের নাম ও শাখা:						

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব। স্বাক্ষর:

নাম:
পদবী:
মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র	দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
	হ্যাঁ	না
(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);		
(খ) নির্ধারিত পূরণকৃত ফরম (অধিদপ্তরের ওয়েবসাইট/ ওয়ানস্টপ সার্ভিস এর ডেস্ক হইতে ফর্মটি'বিনামূল্যে' পাওয়া যাইবে);		
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর ফটোকপি;		
(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঙ) লিমিটেড কোম্পানী হইলে মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অফ এ্যাসোসিয়েশন এবং সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন- এর ফটোকপি । অংশীদারি প্রতিষ্ঠান হইলে অংশীদারি চুক্তিপত্রের ফটোকপি;		
(চ) সম্ভাব্য বাৎসরিক টার্নওভার;		
(ছ) সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্য পদের সনদপত্রের সত্যায়িত কপি;		
(জ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঝ) অফিস ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি;		
(ঞ) উদ্যোক্তাগনের জাতীয় পরিচয় পত্রের কপি এবং বিদেশী উদ্যোক্তা বা কর্মকর্তা বা কর্মচারীদের ক্ষেত্রে পাসপোর্টের কপি;		
(ট) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ **(কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬)** সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি;		
(ড) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের ক্ষেত্রে বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের এনক্যাশমেন্ট সার্টিফিকেট -এর ফটোকপি;		
(ঢ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি।		

বিঃ দ্রঃ আবেদনপত্রের সহিত সংযুক্ত ফটোকপিগুলি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা অংশীদার বা স্বত্বাধিকারী বা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

ফরম-৭

{বিধি ১৫ (১)(ছ)}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বায়িং হাউজ নিবন্ধন নবায়ন আবেদন ফরম

১	বায়িং হাউজ-এর নাম:					
২	ঠিকানা: (রেজিস্টার্ড ঠিকানা ও মেইলিং ঠিকানা)					
	এলাকা/সড়ক নং:			থানা:		পো: অফিস:
	জেলা:			দেশের নাম:		ফ্যাক্স:
	মোবাইল:			ফোন:		ই-মেইল:
৩	মূল প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে):					
	এলাকা/সড়ক নং:			থানা:		পো: অফিস:
	জেলা:			দেশের নাম:		ফ্যাক্স:
	মোবাইল:			ফোন:		ই-মেইল:
৪	নিবন্ধন নম্বর ও তারিখ: ----------			মেয়াদ উত্তীর্ণের তারিখঃ----------		
৫	ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ স্বত্বাধিকারীর নাম ও যোগাযোগের ঠিকানা:					
৬	বায়িং হাউজ **কার্যক্রম** শুরুর সাল:					
৭	মোট বিনিয়োগ :	(ক) স্থানীয় মুদ্রায়---------- (টাকা) (খ) বৈদেশিক মুদ্রায়---------- (ডলার)				
৮	বিনিয়োগের বিবরণ:	স্থানীয় মুদ্রায় (মি: টা:)		বৈদেশিক মুদ্রায় (মি: টা:)	মোট (মি: টা:)	ঋণপ্রদানকারী সংস্থা ও দেশের নাম (যদি থাকে)
	(ক) উদ্যোক্তার পরিশোধিত মূলধন					
	(খ) স্থানীয় ঋণ					
	(গ) বৈদেশিক ঋণ					
	মোট=(ক+খ+গ)					
৯	কর্মসংস্থান:	স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট জন
	(ক) ব্যবস্থাপনা/প্রশাসনিক	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ / মহিলা
	(খ) কর্মচারী/শ্রমিক					
	মোট					
১০	জাতীয় পরিচয় পত্র নম্বর (NID) /পাসপোর্ট নম্বর(বিদেশী বিনিয়োগকারীদের জন্য)					
১১	ট্রেড লাইসেন্স নম্বর ও প্রদানকারী কর্তৃপক্ষ:					
১২	টিআইএন:					
১৩	‘ফি’ পরিশোধের বিবরণ: টাকার পরিমাণ: ট্রেজারী চালান নম্বর ও তারিখ: ব্যাংকের নাম ও শাখা:					

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:

নাম:

পদবী:

মোবাইল নম্বর:

সংযুক্তি

প্রয়োজনীয় কাগজপত্র	দাখিল করা হইয়াছে (অনুগ্রহ করিয়া √ দিন)	
	হ্যাঁ	না
(ক) প্রতিষ্ঠানের প্যাডে আবেদনপত্র (নমুনা ফরম-২০);		
(খ) নির্ধারিত পূরণকৃত ফরম (অধিদপ্তরের ওয়েবসাইট বা ওয়ান স্টপ সার্ভিস এর ডেস্ক হইতে ফর্মটি 'বিনামূল্যে' পাওয়া যাইবে);		
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর ফটোকপি;		
(ঘ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঙ) সর্বশেষ (দুই) বছরের বাৎসরিক টার্নওভার বিবরণী (ব্যাংকের প্যাডে);		
(চ) সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্য পদের সনদপত্রের ফটোকপি;		
(ছ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(জ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্রের ফটোকপি;		
(ঝ) অফিস ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি;		
(ঞ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি বা পাসপোর্টের ফটোকপি (বিদেশী উদ্যোক্তাদের জন্য);		
(ট) ১০০% বৈদেশিক বিনিয়োগে বা যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য বৈদেশিক উদ্যোক্তা বা উদ্যোক্তাগণের ও কারখানার নামে ইনক্যাশমেন্ট সার্টিফিকেট;		
(ঠ) যৌথ বিনিয়োগে স্থাপিত বস্ত্রশিল্পের জন্য যৌথ বিনিয়োগ (joint venture) সংক্রান্ত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;		
(ড) তফসিল-১ অনুযায়ী নির্ধারিত ফি' পরিশোধ **(কোড নং-১-৪১৩১-০০০১-১৮১৬)** সংক্রান্ত ট্রেজারী চালানের মূলকপি।		

